



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

১৮ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উচ্ছেদ অভিযান পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজিদা শরমিন ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে ১৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. চট্টগ্রাম মহানগর এলাকায় উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযানকালে কোতোয়ালী থানাধীন আন্দরকিল্লার মোড় থেকে লালদিঘীর উত্তর পাড় পর্যন্ত, আন্দরকিল্লা রোডের উভয় পাশের ফুটপাথ, নালা ও রাস্তার উপর অবৈধভাবে দখল করে সিটি কর্পোরেশন নির্ধারিত সময়সীমার বাহিরে অবৈধভাবে বসা ৫০ টির মত ভাসমান দোকান ও দোকানের অবকাঠামো উচ্ছেদ করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

১৮ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

উখিয়ার কুতুপালং রোহিঙ্গা শরণার্থী শিবিরে ২ হাজার আহত ও রোগাক্রান্ত রোহিঙ্গা শরণার্থীকে চিকিৎসা সেবা দিল চট্টগ্রাম সিটি কর্পোরেশনের চিকিৎসক টিম

সম্প্রতি মিয়ানমার থেকে আগত আহত ও রোগাক্রান্ত রোহিঙ্গা শরণার্থীদের চিকিৎসা সেবা দিতে উখিয়ার কুতুপালং রোহিঙ্গা শরণার্থী শিবিরে গেল চট্টগ্রাম সিটি কর্পোরেশনের চিকিৎসক টিম। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর নির্দেশে প্রয়োজনীয় ঔষধপত্র ও চিকিৎসা সরঞ্জাম সহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরীর নেতৃত্বে ৬ জন বিশেষজ্ঞ ডাক্তার, প্যারামেডিক সহ ১২ সদস্যের একটি টিম ১৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. সোমবার, সকালে কক্সবাজারের উখিয়ার উদ্দেশ্যে রওনা দেন। উখিয়ার কুতুপালং রোহিঙ্গা শরণার্থী শিবিরে পৌঁছে তারা ২টি টিমে বিভক্ত হয়ে আজ সারাদিনে ২ হাজার রোহিঙ্গা শরণার্থীদের চিকিৎসা সহ ঔষধপত্র দিয়েছেন। এ চিকিৎসাসেবা চলাকালে বাংলাদেশ স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক ডা.মো. আবুল কালাম আজাদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত স্বাস্থ্যক্যাম্প পরিদর্শন করেন। এছাড়াও

কক্সবাজার জেলার সিভিল সার্জন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেডিকেল টিমকে সার্বিক সহযোগিতা দিয়ে যাচ্ছে।

১৮ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

**বাংলাদেশ আওয়ামী যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মহিউদ্দিন আহমদ
মহি' র পিতা হাজী মো. আফতাব উদ্দিন এবং চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের
নির্বাহী কমিটি সদস্য বেলাল আহমদের পিতা আলহাঙ্গ সুলতান আহমদের
মৃত্যুতে মাননীয় মেয়বের শোক**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বাংলাদেশ আওয়ামী যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক, ব্রাদার্স ইউনিয়ন ঢাকার ডাইরেক্টর ইনচার্জ, বাংলাদেশ সমবায় ব্যাংকের চেয়ারম্যান ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সহ-সভাপতি মহিউদ্দিন আহমদ মহি' র পিতা হাজী মো. আফতাব উদ্দিন এবং চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের নির্বাহী কমিটি সদস্য বেলাল আহমদের পিতা আলহাঙ্গ সুলতান আহমদের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। তিনি ১৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. এক শোক বার্তায় মরহমদের বিদেহী আত্মার মাগফেরাত এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

১৮ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

**মাননীয় মেয়বের সুস্থতা কামনায় পৌর জহর হকার মার্কেট
মসজিদ পরিচালনা কমিটির দোয়া মাহফিল**

অসুস্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের আশু সুস্থতা কামনায় পৌর জহর হকার মার্কেট মসজিদ পরিচালনা কমিটির আয়োজনে ১৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. সকালে মেয়বের বাসভবনে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। মুনাজাত পরিচালনা করেন পৌর জহর হকার মার্কেট মসজিদের পেশ ইমাম। এ সময় মসজিদ কমিটির সিনিয়র সহ সভাপতি সৈয়দ আবুল কাসেম, সাধারণ সম্পাদক আবু জাফর, সহ সভাপতি আবুল কাসেম চেয়ারম্যান, বিশিষ্ট ব্যবসায়ী মো. ইলিয়াছ, মো. সেলিম ও মো. কালাম সহ অন্যান্য উপস্থিত ছিলেন। মুনাজাতে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীনের আশু সুস্থতা, দীর্ঘায়ু দেশ ও জাতির শান্তি কামনা করা হয়।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা